রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১৪, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ভূমি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ/১৩ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং ৩৩৯-আইন/**২০২৩।—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদ এর বিধান অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম**।—এই বিধিমালা জোনাল সেটেলমেন্ট ও উপজেলা সেটেলমেন্ট কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **'কমিশন'** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) **'তফসিল'** অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(গ) **'নিয়োগকারী কর্তৃপক্ষ'** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোনো কর্মচারী;

(ঘ) **'পদ'** অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(ঙ) **'প্রয়োজনীয় যোগ্যতা'** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) **'শিক্ষানবিশ'** অর্থ কোনো পদে নির্দিষ্ট সময়ের জন্য শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো কর্মচারী; এবং

(ছ) **'স্বীকৃত বিশ্ববিদ্যালয়' বা স্বীকৃত প্রতিষ্ঠান' বা স্বীকৃত ইনস্টিটিউট'** বা **'স্বীকৃত বোর্ড'** অর্থ কোনো আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান, ইনস্টিটিউট বা বোর্ড এবং সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান, ইনস্টিটিউট বা বোর্ড।



**মূল্য :** টাকা ২০.০০

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯(৩) অনুচ্ছেদ এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, যদি থাকে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ প্রদান করিতে হইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) পদায়ন অথবা প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না যদি উক্ত পদে নিয়োগের জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ গ্রহণপূর্বক কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে নিয়োগের সুপারিশ করিবে, তবে ২০ তম গ্রেডের কোনো পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা বা না করা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রমত, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত করা না হয়, বা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে, যদি থাকে, ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকিয়া স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে, তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধার জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ১৩—১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০—১২ গ্রেডের কোনো পদে এবং ১০—১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) কোনো ব্যক্তির চাকরি বৃত্তান্ত সন্তোষজনক না হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী পদে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশি**।—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি হিসাবে সরাসরি নিয়োগের ক্ষেত্রে স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসর এবং পদোন্নতির ক্ষেত্রে এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশি মেয়াদ এক বা একাধিকবার এইরূপে বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেইক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালীন নিয়োগকারী কর্তৃপক্ষ বিবেচনা করে যে, তাহার কর্ম ও আচরণ সন্তোষজনক নহে, বা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যেই পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশি মেয়াদ চলাকালীন কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপবিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি বিবেচনা করে যে, শিক্ষানবিশি মেয়াদ চলাকালীন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারি আদেশক্রমে, সময় সময়, যেই পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, যেই সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে সেই সকল কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যেই তারিখে স্থায়ী হইবে, সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৭। **পদায়ন বা প্রেষণ**।—(১) নিয়োগকারী কর্তৃপক্ষ তফসিলে বর্ণিত পদায়নভিত্তিক কোনো পদে পদায়ন করিতে পারিবে।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ তফসিলে বর্ণিত প্রেষণে বদলিভিত্তিক কোনো পদে প্রেষণে বদলির মাধ্যমে পদায়ন করিতে পারিবে।

৮। **বিশেষ বিধান**।—(১) তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

(২) তফসিলে উল্লিখিত নিরাপত্তা প্রহরী ও পরিচ্ছন্নতা কর্মী পদসমূহে বর্তমানে কর্মরত কোনো কর্মচারীর পদোন্নতি, অবসর গ্রহণ, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে উক্ত পদসমূহ শূন্য হইলে অথবা উক্ত পদসমূহে কর্মরত কোনো কর্মচারী উচ্চতর পদে পদোন্নতি প্রাপ্ত হইলে উক্ত শূন্য পদসমূহে কোনো প্রকার নূতন নিয়োগ প্রদান করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, এই বিধানে যাহা কিছুই থাকুক না কেন, তফসিলে উল্লিখিত নিরাপত্তা প্রহরী ও পরিচ্ছন্নতা কর্মী পদসমূহে আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী আউটসোর্সিং এর মাধ্যমে সেবা ক্রয় করা যাইবে।

৯। **হেফাজত**।—(১) সিভিল আপিল নং ৪৮/২০১১ এ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় এতদ্দ্বারা Bangladesh Settlement (Officers and Employees) Rules, 1985, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইয়াছে।

(২) উক্তরূপ বিলুপ্ত হওয়া সত্ত্বেও, প্রজাতন্ত্রের কর্মের ধারাবাহিকতা বহাল ও অক্ষুণ্ণ রাখিবার নিমিত্ত, জনস্বার্থে, উক্ত Rules এর অধীন—

(ক) কৃত কোনো কার্য, গৃহীত কোনো ব্যবস্থা, প্রদত্ত কোনো আদেশ, নিয়োগ, চাকরি স্থায়ীকরণ বা পদোন্নতি এই বিধিমালার অধীন কৃত, গৃহীত বা প্রদত্ত বলিয়া গণ্য হইবে; এবং

(খ) কোনো কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে, যতদূর সম্ভব, উহা এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল-১**
**[বিধি ২(খ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | সেটেলমেন্ট অফিসার | - | প্রেষণে বদলির মাধ্যমে | সরকারের উপসচিব বা সমপদমর্যাদার কর্মচারীগণের মধ্য হইতে। |
| ২। | চার্জ অফিসার | - | প্রেষণে বদলির মাধ্যমে | সরকারের সিনিয়র সহকারী সচিব বা সমপদমর্যাদার কর্মচারীগণের মধ্য হইতে। |
| ৩। | সদর সহকারী সেটেলমেন্ট অফিসার | - | প্রেষণে বদলি বা পদায়নের মাধ্যমে | **প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সরকারের সহকারী সচিব বা সমপদমর্যাদার কর্মচারীগণের মধ্য হইতে।<br>**পদায়নের ক্ষেত্রে:**<br>সহকারী সেটেলমেন্ট অফিসারগণের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে। |
| ৪। | সহকারী সেটেলমেন্ট অফিসার | - | পদোন্নতির মাধ্যমে | কারিগরি উপদেষ্টা বা উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার পদে ১০ (দশ) বৎসরের চাকরি। |
| ৫। | কারিগরি উপদেষ্টা | - | পদায়নের মাধ্যমে | উপ-সহকারী সেটেলমেন্ট অফিসারগণের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে। |
| ৬। | উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার (কানুনগো) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) সার্ভেয়ার পদে ৮ (আট) বৎসরের চাকরি; বা<br>(খ) ট্রাভার্স সার্ভেয়ার, কম্পিউটর বা ড্রাফটসম্যান-কাম-এরিয়া এস্টিমেটর-কাম-সিট কিপার পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি; বা<br>(গ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ পেশকার, যাঁচ মোহরার বা কপিস্ট-কাম-বেঞ্চ সহকারী, খারিজ সহকারী, রেকর্ড কিপার পদে অন্যূন ১২ (বারো) বৎসরের চাকরি;<br>(ঘ) পদোন্নতির ক্ষেত্রে (ক) ক্যাটাগরি (খ) ও (গ) এর চেয়ে অগ্রাধিকার পাইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং) টেকনোলজি এবং কোনো প্রতিষ্ঠানে জরিপ সংশ্লিষ্ট কাজে অন্যূন ১ (এক) বৎসরের কাজের অভিজ্ঞতা; এবং<br>(খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ অথবা তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ৭। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ ও ৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮। | প্রধান সহকারী-কাম-হিসাব রক্ষক | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা নাজির-কাম-ক্যাশিয়ার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ৯। | সার্ভেয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং) টেকনোলজি; এবং<br>(খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০। | ট্রাভার্স সার্ভেয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং) টেকনোলজি; এবং<br>(খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১১। | কম্পিউটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং) টেকনোলজি; এবং<br>(খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২। | ড্রাফটসম্যান-কাম-এরিয়া এস্টিমেটর-কাম-সিট কিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ড্রাফটিং ট্রেড কোর্স সনদ; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৩। | ড্রাইভার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা বা ভারী ড্রাইভিং লাইসেন্স; এবং<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| | | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ১৪। | নাজির-কাম-ক্যাশিয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৫ ও ৭ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৫। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ ও ৭ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৬। | পেশকার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৫ ও ৭ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৭। | রেকর্ড কিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৮। | খারিজ সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৫ ও ৭ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৯। | যাঁচ মোহরার | ৩০ বৎসর | (ক) ২০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) প্রসেস সার্ভার পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি; এবং<br>(খ) অফিস সহায়ক ও চেইনম্যান পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

<table>
<tr><th>(১)</th><th>(২)</th><th>(৩)</th><th>(৪)</th><th>(৫)</th></tr>
<tr><td>২০।</td><td>কপিস্ট-কাম-বেঞ্চ সহকারী</td><td>৩০ বৎসর</td><td>সরাসরি নিয়োগের মাধ্যমে</td><td>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৫ ও ৭ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</td></tr>
<tr><td rowspan="2">২১।</td><td rowspan="2">প্রসেস সার্ভার</td><td>-</td><td>পদোন্নতির মাধ্যমে</td><td>অফিস সহায়ক পদে ৩ (তিন) বৎসরের চাকরি।</td></tr>
<tr><td colspan="3">অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী।</td></tr>
<tr><td rowspan="2">২২।</td><td rowspan="2">অফিস সহায়ক</td><td>৩০ বৎসর</td><td>সরাসরি নিয়োগের মাধ্যমে</td><td>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৮ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</td></tr>
<tr><td colspan="3">অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী।</td></tr>
<tr><td rowspan="2">২৩।</td><td rowspan="2">চেইনম্যান</td><td>৩০ বৎসর</td><td>সরাসরি নিয়োগের মাধ্যমে</td><td>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৮ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</td></tr>
<tr><td colspan="3">অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী।</td></tr>
<tr><td>২৪।</td><td>নিরাপত্তা প্রহরী</td><td colspan="3">বর্তমানে চাকরিতে কর্মরত কর্মচারীর পদটি পদোন্নতি, অবসর, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে উক্ত পদটি অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী পূরণ করিতে হইবে।</td></tr>
<tr><td>২৫।</td><td>পরিচ্ছন্নতা কর্মী</td><td colspan="3">বর্তমানে চাকরিতে কর্মরত কর্মচারীর পদটি পদোন্নতি, অবসর, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে উক্ত পদটি অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী পূরণ করিতে হইবে।</td></tr>
</table>

**তফসিল-২**
**[বিধি ২(খ) দ্রষ্টব্য]**

**সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীর পরীক্ষার নাম, বিষয়, নম্বর ও সময়**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | বাংলা | ২০ | ৫০% | ৯০ মিনিট |
| | ইংরেজি | ২০ | | |
| | গণিত | ১৫ | | |
| | সাধারণ জ্ঞান | ১৫ | | |
| | মোট = | ৭০ | | |
| মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| সর্বমোট | | ১০০ | | |

**ব্যাখ্যা:** (১) নিম্নবর্ণিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন, যথা:—

(ক) লিখিত পরীক্ষা; এবং

(খ) সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদের জন্য তফসিল-৬ এ বর্ণিত পরীক্ষা এবং অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য তফসিল-৭ এ বর্ণিত পরীক্ষা।

(২) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন, ইত্যাদি চালনায় দক্ষ ও অভিজ্ঞ।

**তফসিল-৩**
**[বিধি ২(খ) দ্রষ্টব্য]**

**সার্ভেয়ার, ট্রাভার্স সার্ভেয়ার, কম্পিউটর ও ড্রাফটসম্যান-কাম-এরিয়া এস্টিমেটর-কাম-সিট কিপার পদে সরাসরি নিয়োগ প্রার্থীর পরীক্ষার নাম বিষয়, নম্বর ও সময়**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | বাংলা | ২৫ | ৫০% | ৯০ মিনিট |
| | ইংরেজি | ২৫ | | |
| | গণিত ও পদ সংশ্লিষ্ট | ৩০ | | |
| | সাধারণ জ্ঞান | ২০ | | |
| | মোট = | ১০০ | | |
| মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | সর্বমোট | ১১০ | | |

**ব্যাখ্যা:** সার্ভেয়ার, ট্রাভার্স সার্ভেয়ার, কম্পিউটর ও ড্রাফটসম্যান-কাম-এরিয়া এস্টিমেটর পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**তফসিল-৪**
**[বিধি ২(খ) দ্রষ্টব্য]**

**ড্রাইভার পদে সরাসরি নিয়োগ প্রার্থীর পরীক্ষার নাম, বিষয়, নম্বর ও সময়**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | বাংলা | ১৫ | ৫০% | ৬০ মিনিট |
| | ইংরেজি | ১০ | | |
| | গণিত ও পদ সংশ্লিষ্ট | ১৫ | | |
| | মোট = | ৪০ | | |
| মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| সর্বমোট | | ৫০ | | |

**ব্যাখ্যা:** ড্রাইভার পদে লিখিত পরীক্ষা এবং বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ (বিআরটিএ) কর্তৃক মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে গৃহীত ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**তফসিল-৫**
**[বিধি ২(খ) দ্রষ্টব্য]**

**নাজির-কাম-ক্যাশিয়ার, পেশকার, রেকর্ড কিপার, খারিজ সহকারী, যাঁচ মোহরার ও কপিস্ট-কাম-বেঞ্চ সহকারী পদে সরাসরি নিয়োগ প্রার্থীর পরীক্ষার নাম, বিষয়, নম্বর ও সময়**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | বাংলা | ২৫ | ৫০% | ৯০ মিনিট |
| | ইংরেজি | ২৫ | | |
| | গণিত ও পদ সংশ্লিষ্ট | ৩০ | | |
| | সাধারণ জ্ঞান | ২০ | | |
| | মোট = | ১০০ | | |
| মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| সর্বমোট | | ১১০ | | |

**ব্যাখ্যা:** নাজির-কাম-ক্যাশিয়ার, পেশকার, খারিজ সহকারী এবং কপিস্ট-কাম-বেঞ্চ সহকারী পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে তফসিল-৭ এ উল্লিখিত কম্পিউটার মুদ্রাক্ষর টেস্টে অংশগ্রহণ করিতে হইবে।

**তফসিল-৬**
**[বিধি ২(খ) দ্রষ্টব্য]**

**সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে সরাসরি নিয়োগ প্রার্থীর পরীক্ষার নাম, গতি, নম্বর ও সময়**

| পদের নাম | পরীক্ষার বিষয় | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | সাঁটলিপি | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| | কম্পিউটার মুদ্রাক্ষর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

**ব্যাখ্যা:** (১) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ এর জন্য ৩০ (ত্রিশ) মিনিট সময় বরাদ্দ থাকিবে।

(২) ৫% (পাঁচ শতাংশ) এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জিত হয়নি বলিয়া গণ্য হইবে।

(৩) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(৪) সর্বনিম্ন গতিতে পাস নম্বর ৪০% (চল্লিশ শতাংশ) হিসাবে গণ্য হইবে।

**তফসিল-৭**
**[বিধি ২(খ) দ্রষ্টব্য]**

**নাজির-কাম-ক্যাশিয়ার, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, পেশকার, খারিজ সহকারী এবং কপিস্ট-কাম-বেঞ্চ সহকারী পদে সরাসরি নিয়োগ প্রার্থীর পরীক্ষার নাম, বিষয়, গতি, নম্বর ও সময়**

| পদের নাম | পরীক্ষার বিষয় | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| অফিস সহকারী-কাম-কম্পিউটারর মুদ্রাক্ষরিক | কম্পিউটার মুদ্রাক্ষর | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| নাজির-কাম-ক্যাশিয়ার | কম্পিউটার মুদ্রাক্ষর | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| পেশকার | কম্পিউটার মুদ্রাক্ষর | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| খারিজ সহকারী | কম্পিউটার মুদ্রাক্ষর | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| কপিস্ট-কাম-সহকারী | কম্পিউটার মুদ্রাক্ষর | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |

**ব্যাখ্যা:** (১) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(২) ৫% (পাঁচ শতাংশ) এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জিত হয়নি বলিয়া গণ্য হইবে।

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% (চল্লিশ শতাংশ) হিসাবে গণ্য করিতে হইবে।

**তফসিল-৮**

**[বিধি ২(খ) দ্রষ্টব্য]**

**অফিস সহায়ক ও চেইনম্যান পদে সরাসরি নিয়োগ প্রার্থীর পরীক্ষার নাম, বিষয়, নম্বর ও সময়**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | বাংলা | ২০ | ৫০% | ৬০ মিনিট |
| | ইংরেজি | ২০ | | |
| | গণিত | ২০ | | |
| | সাধারণ জ্ঞান | ১০ | | |
| | মোট = | ৭০ | | |
| মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| সর্বমোট | | ১০০ | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খলিলুর রহমান**
সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd